## ADISURA AND BALLALA SENA.


AN HISTORICAL INVESTIGATION

ON

THE AMBASTHA KINGS OF BENGAL.

BY

PARVATISANKAR ROY CHOWDHURI:



্অসষ্ঠজাতীয় নৃপতিদিগের ঐতিহাসিক বিবরণ।

প্রী পার্বতীশঙ্কর রায়চৌধুরী প্রণীত।

ওপ্তেপ্রশ; ১৪, মীর্জাফর্শ লেন, ও ২২১, কর্প্রয়ালিশ ইটি, কলিকাতা।

শীমতিলাগ দান কর্তৃক গুপ্তপ্রেশে মুদ্রিত ও প্রক'শিত।

#### বিজ্ঞাপন।

গত ১৮৬৫ খৃষ্টাব্দের এসিয়াটিক জারনেলে ১ম অংশের ৩য় খণ্ডে ডাক্টার রাজেল্র লাল মিত্র বাহাছর 'বেঙ্গীয় সেনরাজা'', শিরোনামে একটা প্রবন্ধ মুদ্রিত করেন। তাহাতে সেনবংশীয়েরা ক্ষত্রিয় ছিলেন প্রতিপন্ন করিয়াছেন। এই মতের কতকগুলি বিরোধী প্রমাণ বিদ্যমান আছে, আমি তৎসমুদর সংগ্রহ করিয়া সেন রাজাদিগের ইতিহাস, সহিত এই ক্ষুদ্র প্রবন্ধ প্রকাশ করিলাম। যে তত্ব ইতিহাস সীমার অতীত, তাহার আবিষ্করণ অতিশ্রম দ্বাহ ব্যাপার। আমার এই প্রবন্ধে হয়ত কোন কোন বিষয়ে প্রমাদ লক্ষিত হইতে পারে, সহাদর পাঠকবর্গ তৎসমুদর প্রদর্শন করিলে উপকৃত হইব। অপিচ পাঠকবর্গরে কৌতুহল নিবারণ জন্য এই পুস্তকের পরিশিষ্টে ক্র্মাণ্য ভামশাসনাদির অবিকল অত্নলিপি প্রদান করিলাম। পাঠকবর্গ এই পুস্তক খানি আন্যোপাস্ত পাঠ করিলেই পরিশ্রম সফল বিবেচনা করিব।

পরিশেষে কৃতজ্ঞতার সহিত প্রকাশ করিতেছি যে প্রীযুক্ত অভয়াননদ ।
কবিরত্ব মহাশায় অনুগ্রহ করিয়া হরিবংশ এবং ভাগবত হইতে প্রমাণ
সংগ্রহ করিয়া দিরাছেন। এবং এই পুত্তকমুদান্ধণ সময়ে যাহারা আমাকে
বিশেষ সাহায্য করিয়াছেন, তাহাদিগকে স্কৃতজ্ঞচিত্তে ধন্যবাদ প্রদান করিতেছি।

বাটীঘর, বৈশাশ ১২৮৪।

बीभार्सजीनहत्र बांबरहोधूरी।

#### खम मर्भाधन।

পৃষ্ঠা	•	পক্তি		অন্তদ্ধ	শুদ্ধ	
•		<b>2 •</b>		মত	ম্তে	
٩		36		ष्णारमो	আদি পুরুষ	
*		່		হ ওয়ায়	হওয়াতে	
3>		>		অমুজ	পুত্ৰ	
136		¢		আষাঢ়	देवभाश ७ देक	क्रि
381		ঐ		সেন-রাজা	লাশ্মণেয়	
3/3		२১		তাম সাশন	ভাত্ৰ শাসন	
29		>0		চিত্ৰে	<b>हि</b> रख	
100		۲		রাজসাহী	রাজসাহীর	
60		72		<u>ৰান্দাণানাং</u>	<u>ৰাশ্বাণাং</u>	
8.		>¢		সংক্রণ	<b>অ</b> তএব	
84		. «		অম্বৰ্তা!	অষ্ঠ-	
96	পরিশিষ্ট	20		Metcalf	Metcalfe	
Q	B	٠, ١		<b>'</b> छे हे न मन्	গোল্ডষ্টুকার	
40	ক্র	<b>\$</b> >		শরণাথে	শর্নাথে	
É	ঞ্	29	-	মৈ বালমের	২্য় ভলমের	

# वानिनृत । उत्तान रमन

ইতিহাস পুরাতত্ত্বানুসন্ধানের প্রধান সাধন, ইতিহাস ভিন অতীত কালের কোন সত্যই নিঃসন্দেহরূপে নিরূপিত হয় না। ইতিহাসের এতাদৃশ প্রয়োজন সত্ত্বেও ভারতবর্ষের এক খানিও প্রকৃত ইতিবৃত্ত বিদামান নাই। প্রাচীন সাধ্যগ্র সাহিত্য, গণিত, দর্শন, শিল্প প্রভৃতি শাস্ত্রাসুশীলন করিয়া পরিব দর্শিতা লাভ করিয়াছিলেন। কিস্ত ভ্রপনেয় অদৃষ্ট-দোরে ই হাদিগের বছল পরিমাণে এতিহাদিক গ্রন্থ প্রণয়নে অভি রুচি হয় নাই। রামায়ণে ইক্ষাকু-বংশীয় কতিপয় **নৃপতি**র এবং মহাভারতে কুরু পাণ্ডবদিগের বিবরণ **হু**বিস্তারক্ষরে বর্ণিত আছে, পৌরাণিক গ্রন্থে ভারতীয় নৃপতিগণের বংক পরস্পরার নামোলেখ এবং ভাঁহাদিগের প্রান্থভাব কালের আমুসঙ্গিক ঘটনাগুলি বিশ্বত আছে, এবং রাজতরঙ্গিণী,প্রাভূতি তুই এক খানি গ্রন্থে দেশ বিশেষেরু বিবরণ লিখিত আছে কিন্তু সমগ্র ভারতবর্ষের সূত্রবন্ধ ও ধারাবাহিক ইতিয়ন্ত কৌৰ গ্রন্থেই লিপিবন্ধ নাই, এবং বিপ্লবের পর বিপ্লবে ভারতের ইতিহাস-স্থানীয় অনেক বিষয় বিনক্ত হুইয়া গিয়াছে। অতএই পূর্বতন দময়ের কোন বিষয় অনুসন্ধানে প্রবৃত হইলে বছর আয়াস ও আহরণ-ক্লেশ সহ্য করিতে হয়। প্রকৃত ইতিহাস মভাবে কবি-কল্পিড কাব্য শাস্ত্র, কোক প্রস্পরাগত কিম্বর্ক কুলজিগ্রন্থ, তাত্রশাসন ও প্রস্তর খোরিত বর্ণনার্ত্তির ক্রান্ত্র

পয় বংগরান্তে রাজ্যে অনার্ম্নি ও প্রাসালোপরি গুদুণাত প্রভূমি দৈবোৎপাত ভাবী অমঙ্গলের চিহ্ন প্রকটিত করিলে, মহারাজ আদিশূর দৈবকার্য্যদারা তলিবারণে কৃত-সন্ধ**ল হ**ইলেন, ্থবং পুরস্থ ব্রাহ্মণগণকে আহ্বান করিয়া কহিলেন, "আপনারা বেদ-বিধি অনুসারে যজের দ্রব্যাদি আহরণ কবিষ্ণা রাজ্যের অমঙ্গল নিরাক্রণের উদ্যোগ ককন"। বৌদ্ধ-বিপ্লবে বঙ্গীয় ত্রাক্ষণগণের মধ্যে বৈদিক ক্রিয়া লোপ হইয়াছিল, স্থতরাং কেহই রাজার ঈশিত কার্য্যে ব্রতী হইতে পারিলেন না। আদিশুর অন-ন্যোপায় হইয়া বেদজ্ঞ ও সাগ্লিক পঞ্চ ত্রাক্সণ আনয়নার্থ কাণুকুজাধীশ্ব -কীরসিংহের নিকট দূত প্রেরণ করিলেন\*। কাৰুকুজাগত পঞ্চ আক্ষাণ বৰ্মা, চৰ্মা ও ধকুৰ্বনাৰ প্ৰভৃতি সামিরিকু, সজ্জায় স্থসজ্জিত হইয়া অশ্বারোহণে রাজন্বারে উপস্থিত হ**ইনে** দৌবারিকগণ আদিশ্র সমীপে ঈদৃশ অসামান্য বীর-বেশধারী ব্রাক্ষণগণের আগমন বার্তা নিবেদন করিল। রাজা ব্রাক্ষাণ-গণের যুদ্ধবেশ এবং পাত্তকা-সংশ্লিষ্ট-পদে তাম্বুল চর্কাণ প্রভৃতি ব্ৰাহ্মণবিৰুদ্ধ আচৰণ সন্থাদে হতভাদ্ধ হইয়া কাণুক্জাগত পঞ

<sup>\*</sup> আদিশ্র কাণুকুজেরখন বীরসিংহ স্মীপে নিয় লিবিত কতিপর সোকে শিথিয়া কিপি প্রেরণ কবেন ঃ—

স্থকত স্কৃত সংঘাঃ সর্কশাস্ত্রার্থ দক্ষা,
শীপতহতবিপক্ষাঃ স্বস্তিবাক্ষ্যাঃ শুক্তিজ্ঞাঃ।
স্থাজিতক্ষ্যতবনে গৌড়বাক্ষ্যে মদীয়ে,
বিজক্ষবরজাতাঃ সামুকশাঃ প্রায়ার দ নূপতি স্কৃতিসারঃ স্বীয়বংশাবভাবঃ, প্রবশ্ববিচারেঃ বীরসিংহোহতিবীরঃ ।
মৃষ্বির সথি ভাতে ভূষিদেবানু সশুদ্রান্,
পুনরপি মুম গ্লোড়ে প্রাপ্ যুক্তিভাঃ ॥

ভারাণের শির্মাদরে অগ্রসর হইলেন না। ত্রাক্ষণিগণ নূপতির সদৃশ অসোজনা ক্রিক্ত হইয়া প্রত্যাবর্তনে ক্রত নিশ্চয় হইলেন । কিন্তু তপোবল ও আলু-মহিমা প্রকাশার্থ শুজ মহাকাঠোপরি আশার্কাদ হাপন মাত্রে বিগত জীবন শুজ ক্র হইতে তৎক্ষণাৎ অন্ধ্র নির্গত হইল। \* এই অলোকিক ঘটনা দৌবারিকগণ কর্তৃক রাজসমীপে নিবেদিত হইলে আদিশ্র স্বীয় অবিম্যাকারিতা অবধারণ করতঃ স্বয়ং অগ্রসর হইয়া ত্রাক্ষণিক স্তৃতিবাদে মন্তোষিত করিলেন, এবং তাহা-দিগকে রাজভবনে আনয়ন করিয়া স্বিপ্তিত কার্যান্তে বহুল

<sup>\*</sup> বিক্রমপুরান্তর্গত মেঘনা নদীর পূর্বে উপকৃলে সাম্পাল নামক স্থানে প্রায় গৃই মাইল দীর্ঘ এক প্রকাণ্ড সরোববের খাত বিদ্যাসনি গাছে। जुरहोरातंत्र नाम हामशांल मीपि अवः अहे सनी इंटरड फेंड शास्त्र नाम ক্সমপ্রাল হইয়াছে। সরোকরের অনতিদ্বে প্রিথাবেষ্টিত কতিপর পুরাতন অট্রালিকার ভগাবশেষ দেখিতে পাওয়া যায়, তন্নিকটবন্তী গ্রাম নকলের অধি-বাদিলণ এই ভগ্ন অট্টালিকা বল্লাবের বাজ-প্রানাদ ধসিরা পরিচর দেয়। পরি-থার স্থানে স্থানে নাষ্ট ২ইরা গিরাছে, কিন্তু বেষ্টিত ভূমি গণ্ডের বিজ্<mark>তি</mark> এবং বাহ্যাবয়ৰ দৃষ্টে স্পষ্ট প্ৰভীত হয় যে এই স্থান এক অতি গ্ৰান্ত প্ৰাক্তিত এবং ধনশালী রাজার রাজধানী ছিল। ভগ্ন প্রানাদের পুরস্বাবে একটা खातीन शकाड़ी तृष्क विरामान आहा। সকলেই এই গলাড়ী বুক্তীকে আদি: পুরানীত পঞ্চ ত্রাহ্মণ প্রদন্ত আঁশীর্কাদে জীবিত মলকাষ্ঠ বলিয়া নিদর্শন স্কুরে। এই একটা মাত্র বৃক্ষ ভিন্ন বামণালের চতুম্পার্যে আর কুত্রাপি গলাড়ী বৃক্ষ ্রাই। 🖟 চতুম্পার্থের অজ্ঞ ব্যক্তিরা এই বুক্ষকে দেবতাম্বরূপ সন্মান করে, বাহ अপুত্ৰতী বমণীরা সন্তান লাভার্থ বৃক্ষমূলে পূজা মানসা করে। এই স্থানে ইটক মিমিত একটা কৃপ আছে, সাধারণের সংস্কার এই বল্লাল ইছাতে অগ্নি প্রকাশির কুরিয়া প্রাণত্যাগ করিয়াছিলেন। রামণালের চতুপার্শে প্রস্তর নির্মিত অনেকগুর্মী মৃতি মৃত্তিকার নিম হইতে উত্তোলিত হইয়। ঢাকা নগরীতে রক্ষিত আছে। এবং ইহার চতুম্পার্যে ৪।৫ মাইল লইয়া মুর্ভিকার নিয়ে खाँदम शार्म পुतार्थम रेष्टेक खाल एखा गांत। এই खारमत विवत्त तामभारतत विवद्भ नीमक भूखरक प्रशेषा।

পরিমাণে ধনরীক প্রদান পূর্ব্বক বিদায় করিয়া দিলেন ৷ কাণ্-কুজাগত পঞ্জাক্ষনের সহিত যে পঞ্চ ভূতা আগমন করিয়া-ছিলেন, তাহারাও তাহাদিগের সহিত ফদেশে গমন করিলেন।\*

বঙ্গদেশ হইতে পঞ্চ ব্রাহ্মণ স্বদেশে প্রত্যাগত হইলে তাঁহারা বঙ্গাদিদেশে তীর্থ যাত্র। বিনা গমন করাতে এবং অধাজ্য <mark>শাজন হেছু সমাজে বৰ্জ্জিত হইয়াছিলেন। জ্ঞাতি</mark>-গঝু তাঁহাদিগের পুনঃ সংস্কারের নিমিত্ত বারস্বার রোধ করিতে লাগিলেন। তাঁহাবা ঐ প্রকার সমাজে অপ মানিত হইয়া পুনঃ সমাজে গৃহীত হইবার আশায় কিয়ৎকাল অতিবাহিত করিয়াছিলেন। কিন্তু জ্ঞাতিগণ কর্তৃক অপমানিত হইয়া সদেশে বাস করা অপেকা দেশ পরিত্যাগ শ্রেয়ঃ, এই বিবেচনায় শ্রীহর্ষ, ভট্ট নারায়ণ প্রভৃতি পঞ্চ ব্রাহ্মণ এবং তাঁহা-দিগের সহিত মকরন্দ ঘোষ প্রভৃতি পঞ্চ ভৃত্য কাণুকুজ পরিত্যাগ করিয়া গৌরদেশে গমন করিলেন। এই প্রকারে ব্রাহ্মণগণ পুনরাগত হইলে আদিশূর তাঁহাদিগের প্রত্যেককে যথোচিত সৎকার করিয়া রাচ়দেশে এক একখানি গ্রাস প্রদান পূর্ব্বক বাসস্থান নির্দেশ করিয়। দিলেন। বাহ্মণেরা সপ্তশতী \*সমাজ হইতে দার পরিগ্রহ করিয়া আদিশূর দত্ত ভূমস্পত্তির

শ কাহার মতে আদিশ্ব কর্ত্ত্ব পঞ্চ রাজ্মণের আনুষ্ঠনের কারণ স্বতন্ত্র প্রশাসি
নির্ণীত আছে। ফিতাশ বংশাবলী চরিত বাজপ্রাসাদোপরি গ্রপাতক্রপ অনিষ্ট শান্তি মানসে শাকুন যক্ত করণার্থ কাণুকুজ হইতে পঞ্চ রাজ্মণ
আনীত ছইয়ছিলে। কেহ কহেন যে আদিশ্র রাজমহিষী বলীয় বাজনগণকে
স্বীয় ব্রত সম্পাদনে অসমর্থ দেখিয়া কাণুকুজ হইতে পঞ্চ রাজণ আনয়ন
করেন। ফলতঃ দৈবোৎপতি শান্তিমানসেই হউক অথবা যে কোন কারণেই
ভব্তিক পঞ্চ বাজ্ঞান যে বজ্জার্থ এ দেশে আনীত ছইয়াছিলেন ত্রিষ্টের কাহারণ্ড
মতান্তর নাই।

করেন।

শালবংশীয় নুপতি গৌড় দেশ শাসন করিয়াছিলেন, তৎপর ধারসেন ও বলালবংশীয় নুপতি গৌড় দেশ শাসন করিয়াছিলেন, তৎপর ধারসেন ও বলালবংশীয় নুপতি বলরাজার অধীয়র হয়েন। অয়ৡসয়াদিকা গ্রন্থেও আলিপুর বংশীয় ও বলাল বংশীয় নুপতিদিশের মধ্যে ইবদ্য জাতীয় পাল নাম-ধেয় ১০ জন নুপতির উল্লেখ আছিছ। ফলতঃ পালবংশীয়েরা বৈদ্যজাতীয় ছিলেন কিয়া নীমাংসা হওয়া একলে য়য়য়য়িন। পালবংশীয় কতিশয় নুপতি সম্বন্ধে আছয় ফলকে আছিত যে সকল লোক পাওয়া গিয়াছে; তালাক তাহাদিগের ভাতির কোক ভাতের কালে আয়ও কোন চিয়ু আছিল্ হলৈ ইবার নীমাংসা হইবেক। আময়া এজন্য আদিশ্ব-বংশীয় নুপতিকি পরই সেনবংশীয়দিশের উল্লেখ করিলাম এবং পালবংশীয় নুপতিকি বানালেও এখানে করিয়াম মা। প্রিশিষ্টে উক্ত বংলের তালিকা দেওয়াইপ্রান্ধি

## जालगृह ९ वहांत (मन ।

বিজয়দেনের পিতাপিতামহাদির নাম কুনজি-াছে উল্লেখ নাই। কতিপয় বংশর গত হইল রাজসাহীতে যে প্রস্তার ফলকান্ধিত লোক আবিষ্কৃত ও তাহার যে অর্থোদ্ধার হইপ্লছে ভদন্দারে বিজয়দেনের পিতা হেমন্তদেন ও তদীয় পিতা সামন্তদেন চক্রবংশাংশর দাকিণাত্যাধিপতি নীর্মেনের বংশে জন্ম গ্রহণ তেনে। সামন্তদেন রন্ধ বয়দে স্বীয় দিংহাদন পরিত্যাণ পূর্ববিদ গঙ্গাত্তে আদিয়া নান্ধান নিজাণ করেন। সামন্তদেনর পোত্র বিজয়দেন শহরে উভয় পার্থত দেশ পরাদ্বয় ও কান্ত্রপ গাক্রমণ করিয়াছিলেন।

বাধরগজের তাত্র লাদনে দামভাসেন, বিজয়দেন বল্লালদেন লক্ষ্মণদেন এবং মাধবদেন এই পাঁচ নাম প্রাপ্ত তওয়া বায়। অত্রব বদি বল্লালনেনের পিতা বিজয়দেন এবং প্রভয়াঙ্কিত শ্লোকোল্লিথিত বিজয়দেন একবাভি অনুমান করা শায়, তবে দেন গ্রাজাদিগের বংশাবিদ নিম্নলিখিত পর্যায়ান্তুদারে গণনা করা যাইতে পারে।

## अरोभगुष्येशास्त्रे वीत्रामन !

তহংশে সামন্তদেন তৎপুত্ৰ হেমন্তদেন

- " , বিজয় সেন নামান্তর ধীরতেন অথবা বীরসেন :
- ,, ,, ইবল্লালসেন
- ,, ,, नक्तनरमत्
- ,, ,, কেশবদেন

্ৰকুলজি এত্তে এবং অন্যান্য ইতিহাসেও আদিশুর বংশীয়-

বিবরণ আছে । বীরদেন ও দামন্তদেন প্রভাবের রাজ্যলাভির বিবরণ আছে । বীরদেন ও দামন্তদেন প্রভৃতির কোন উল্লেখন নাই, ইহাতে বোধ হয় যে আদিশুরের কয়েক পুরুষ্ট পরেই হেমন্তদেন দাক্ষিণাত্য হইতে গঙ্গার নিকটবর্জী স্থানে উপনিবেশ স্থাপন করেন । তাঁহার পুত্রেরা পরাক্রান্ত হইয়া রাজ্য বিস্তার করিতে লাগিলেন এবং ক্রমে গোড়ের নিকটবর্জী স্থানে বন্ধুল হইতে লাগিলেন । এদিগে আদিশুরবংশীয় নৃপতিরণ বিক্রমপুরে ক্রমেই হীনপ্রভ হইয়াছিলেন, এবং এই বংশের শেষরাজা জয়ধর, হেমন্তদেন বংশীয়দিগের সহিত সোহার্দ স্থাপন জন্য বিজয়সেনকে কন্যা প্রদান করেন, তিনি ক্রমে সমস্ত বঙ্গের অধীপর হইয়াছিলেন । কিন্ত বল্লালের পিতা ধীরসেন, নামান্তর বিজয়সেন এবং বারসেন বংশে বিজয়সেন যে একব্যক্তি ছিলেন, ইহার কোন প্রমাণ প্রাপ্ত হতরা য়ায় না । কিন্তু ধীর বা বিজয়সেন যে বল্লালের পিতা, ইহা কুলজি গ্রন্থ এবং বাররগঞ্জ তাত্রশাসন হারা প্রমাণিত হইতেছে।

ধীরদেন বঙ্গরাজ্যে অভিষিক্ত হুইয়া, প্রাইন্তরী কতিপয় দেশ যুদ্ধ ছারা পরাজয় করিলেন। এই সময়ে দিল্লীর সিংহা-সনে বৈরাগী বংশীয় রাজাদিগের শেষ রাজা, মহা-প্রেম ক্ষ সিংহাসন ত্যাপ করিয়া বনে গমন করিলে দিল্লীর সিংহাসন শ্রা হুইল। আর্যাবর্তের অন্যান্য রাজগণ দিল্লীর সিংহাসন শ্রা হুইলাছে অবগত হুইয়া তদ্দেশ বিজয় মান্সে যুদ্ধের আরোজন করিতে লাগিলেন। কিন্তু ধীরসেন হরিত্যাজায়

<sup>े</sup> बाजाविन व्यक्षक शृंहा (मर्थ)

## क्रिक्त ७ व्याम द्रमम्।

মিত্রগণ তাহাকে কোন মতেই নিবারণ করিতে পারিল না।

হতরাং বিনা যুদ্ধেই দিল্লীর দিংহাসন অধিকৃত হইল। তিমি

দিল্লীর দিংহাসন বিজয় করিয়াছেন, এই সংবাদে অন্যান্য

নৃপতিগণও যুদ্ধোদ্যমে বিরত হইলেন। শীর্ষেন দিল্লীর

দিংহাসন অধিকার হেতু বিজয়দেন নামে প্রশিদ্ধ হইকেন।

বিজয়দেন তদীয় জ্যেষ্ঠ পুত্র শুক্র দেনকে বাদ্দেশের শান্দ্রকার্য্যে নিয়োজিত করিয়। হরং দিল্লীতে অধিষ্ঠিত রহিলেন । শুক্রদেন তিন বংসর বঙ্গদেশ শাসন করিয়া লোকার্ত্তরি হওয় তিনীয় কনিষ্ঠ ভাতা বল্লালের হতে বঙ্গরাজ্য অপিতি হয়। ইহার কতিপর বংসর পরে বিজয়দেন মানব্দীলা সম্বরণ করেন।

বল্লাল তদীয় পিতার ছাত্র সংবাদ শ্রেবণ করিয়। স্থীয়-তম্ম লক্ষাণ্টেনকে বঙ্গরাজ্য শাদনের ভার অপণান্তর স্বয়ং দিলীতে বাত্রা করিলেন। তথায় কতিপর বংসর শ্রুতিবাহিত করিয়া বঙ্গদেশে প্নরাগমন করিয়াছিলেন। কথিত আছে, বল্লাল দিল্লীতে অধিষ্ঠান নময়ে পত্মিনী নান্দ্রী এক নীচজাতীয়া পরম্মানির বুবিতার প্রনয়পাশে আবদ্ধ হুইয়াছিলেন। লক্ষাণ্টেনন এজনা তাহাকে বারন্থার তিরন্ধার করিয়া পত্র লিখেন। পত্তে বে সমুদ্র ল্লোক লিখিত হুইয়াছিল এবং ততুত্বের বল্লাল যে সমুদ্য ল্লোক রচনা করেন, তাহা অদ্যাপি বঙ্গদেশে প্রচারিত আছে।

বল্লাল কতিপন্ধ বংসর বঙ্গরাজ্য স্থাসন করিয়া করি বয়সে রাজকার্য্য ইইতে একপ্রকার স্থাসর গ্রহণ পূর্বক ধর্ম শাস্ত্র সাক্ষেত্র চনায় প্রতি হন এবং সংস্কৃত ভাষায় কভিন্তি

গ্রন্থ প্রথম করেন, তমধ্যে দানসাগর সমধিক প্রসিদ্ধ। এই গ্রন্থে স্মৃতিশাস্ত্রানুমোদিত নান। প্রকার দান ও দানপৃদ্ধতি লিপিবদ্ধ আছে।

আদিশুর পঞ্চ ব্রাহ্মণ আনয়ন করিয়া যদ্রূপ অনন্তকাল-স্থায়ী কীর্ত্তি সংস্থাপন করিয়াছিলেন, বল্লালও তাদুশ কোন উপায় দ্বারা স্থায় নাম চিরশারণীয় হইতে পানে, অকুক্ষণ চিন্তা করিতে লাগিবন এবং পরিশেষে পণ্ডিত্রদিগের সহিত যুক্তি করিয়। গৌড-সমাজে কৌলীনা মর্য্যাদার অবতারণা করিলেন। বল্লালের সময়ে বঙ্গদেশে শৈব মত সর্ব্বাপেকা জীধান্য লাভ করে। বল্লাল নিজেও সাতিশয় শিব-পরায়ণ ছিলেন। দানসাগর প্রত্যে, বল্লাল আপনাকে 'প্রম্মাহেশ্বরনিংশক্ষশক্ষরঃ' বলিয়া উল্লেখ করিয়াছেন 🚁। 🚁 কেই শলেন বল্লাল জন্ম-পুত্র নদের উর্নে জন্ম গ্রহণ করিয়াছিলেন। সাহা হউক, এই সমুদয় অলোকিক ঘটনাব কোন প্রসা**ৰ্কিআম**রা প্রাপ্ত হই নাই। এবং এ সমুদয় বিষয় উল্লেখ করাও নিপ্রায়েজন। বল্লাল मर्क्य के तरह अक्षम यह मह अरः मिली क नाम वह मद রাজত্ব করেন। আইন. আকবরি মতে বল্লালের রাজত্বকাল প্ৰকাশৎ ৰৎসর নিৰ্ণিত আছে।

<sup>\*</sup> দান সাগর গ্রন্থের শেষভাগে লিখিত আছে।

ধশ্বস্যাভ্যদরায় নাত্তিকপদোজেদায় জাতঃ কলো শ্রীকান্তোহপি সরস্বতী-পরিবৃতঃ প্রত্যুক্তনারায়ণঃ। পাদান্ডোজনিষ্কারীখবস্থাসান্তাজ্যশ্বীযুতঃ। শ্রীবরাল নরেখরো বিজয়তে সংশুভিচিত্তানণিঃ ইত্যাদি।

ইতি পরমমাহেশ্বসহায়াঝাধিরাজনিঃশঙ্কশকরঃ শ্রীমন্তরালদেন দেব-বিবৃচিতঃ শ্রীদানসাগরঃ সমাপ্তঃ।

বল্লাল স্বৰ্গারোহণ করিলে লক্ষ্মণদেন সীয় 🗪 কৈশব সেনকে বঙ্গদেশের শাসন-কার্যো নিযুক্ত করিয়। সমুং দিল্লীতে পিতৃসিংহাসন গ্রহণানস্তর রাজশাসন করিতে লাগিলেন। লক্ষাণ্যের দশ বৎসর দিল্লী স্থাপাবন করিয়। লোকান্তরিত হন, তৎপর কেশবদেন চতুর্দ্দ বংসব, গ্রাফার পর মাধ্রদেন একা দশ বংসর ক্রমান্তরে বঙ্গদেশের ও দিল্লীর চিংহাসনে অধিবো इन करतन । भागत पिलीएड कि लिमनाधिरहाइन मगरम छमीम ভ্রাতা সদাসের বন্ধরাজ্য শাসন কবিষদাকলেন, কিন্তু মাধবের **মৃত্যু হই**লেও তদীয় সন্তানগৰ দিল্লাতেই বহিলেন, বঙ্গরাজ্য সদাদেনের করায়ত রহিয়া গেল, মাধ্বদেনের সূত্রীই পর হইতে সদাসেন তেত্ত্রিশ বংসর বঙ্গবাজ্য পাদন কবিয়াজিলেন। সেন বংশীয় নুপতিদিপোর বিজয়দেন চ্ইনতে সদাদেন পর্যান্ত ক্রমান্বয়ে নুপতিদিলের নাম কুলজি গ্রন্থ, তাজশাসন, প্রস্তের: ্ষ্ণিত স্লোক, এবং আইন আকবারতে প্রায় একপ্রকার উল্লেখ আছে, কিন্তু দদাদেনের পরবত্তী নুপতিদিগের নাম আইন আকবরিতে যে প্রকার লাছে, কুলজি গ্রায়ে তদ্ধপ নাই: আইন আক্বরিতে স্লাসেনের পরেই নৌজিব নামের উল্লেখ আছে, এবং তৎপর হইতে মুদ্দ্র্যানদিপের রাজ্য আরম্ভ নিণীত হইগাছে। অতএব হাইন আকবরি মতে নৌজিওই বঙ্গদেশের শেষ হিন্দু রাজা। কিন্তু বৈদ্য-কুলজি মতে তেজ-দেন বৈদ্যবংশীয় শেষ রাজা, এবং সদাদেন ও তেজদেন এতহুভায়ের মধ্যে জয়দেন, উগ্রাদেন, বীরাদেন এই তিন নপ-তির নামোল্লেখ আছে। মিনহাজ্উদ্দীন ক্লুত তবকত নাসিরী আছে লিখিত আছে, ১২০০ গৃফীকে বঙ্গদেশ বধ্তীয়ার

্**থিলিজিভিত্**ক অধিকত হয়, ঐ সময় লক্ষানিয়া নামে অশীতি বর্ষ-বয়াক্রম এক নুপতি বঙ্গদেশের অধিপতি ছিলেন।

তেই প্রকার নাম। মতের কোনটি যথার্থ স্থির করা স্থকটিন, বৈ পর্যন্ত কোন স্থনিন্দিত প্রমান প্রাপ্ত না হওয়া যাইবে, তদবিধি যিনি যে প্রকার দিছাত করুন না কেন, সমস্তই অনু মানে পর্যাবদিত হইবে। অতএব আমর। সদাসেনের পরবর্তী নুপতিগবেশ রন্তান্ত লিখিতে আপাত্তঃ ক্ষান্ত থাকিলাম। তবে গাড়দেশ যে সেনবংশীয় শেষ নুপতির হন্ত হটাতে যবনগন কর্ত্বক অধিকৃত হয়, তাহার আর অক্যাত্ত সন্দেই।

আনিশ্র এবং বল্লাল কোন্ সময়ে প্রান্ত ইইয়াছিলেন,
ভাহা এ পর্যন্ত নিঃসন্দেহরূপে স্থির হর নাই। পুরাতজ্বাসুসন্ধারিগণ পুস্তকাদির প্রমাণ, বংশাব্দী দৃক্তে সময়ের বিচার,
ক্রিবং অনুমানের প্রতিনির্ভর করিয়ানানা মত প্রচার করিয়াছেন।
ক্রিব্ধ এই সকল সিন্ধান্তের কোন্টি গ্রাহ্ণ, হির করা সহজ
নহে। এ সময়ে মূল প্রমাণ "কিতীশবংশাবলি চরিত" "সময়
প্রকাশে " বল্লাল কৃত দানসাগর গ্রন্থ রচনার সময় নির্দেশ,
ভাহান আক্রবিতে বঙ্গদেশের নৃপতিগণের তালিকায় তাহা
দিসের রাজত্বলালের বংসর গণনা, এবং অন্যান্য কতিপয়
প্রমাণ্ড উপরোক্ত প্রস্তুলির কোন থানি প্রামাণ্য বলিয়া
ক্রীকার করেন, স্থনো তাহা অপ্রামাণ্য বলিয়া উপেকা করেন,
ক্রিত্রব আমর্য ক্লাদিশ্র প্রবং বল্লালের সময় নিরূপণে হস্ত-

ক্ষেপণ করিলাম না। পরিশিষ্টে কাছার কি মত ব্যক্তর করিলাম, পাঠকগণ তদ্ধ্টে স্বীয় স্বীয় সিদ্ধান্ত ছির করিয়া লইবেন।

## দিতীয় অধ্যায়।

আদিশূর ও বল্লাল উভয়েই অম্বর্চ কুলোৎপন্ন বলিয়া প্রদিন্ধ। বুলজি গ্রন্থে এতত্ত্ত্য অম্বর্চ কুলোৎপন্ন স্কুম্পান্ত লিখিত আছে ইহাদিগের অম্বর্চ জাতি সম্বন্ধে প্রায় সহক্ষ বংসরাবধি কাহারই আপত্তি উপস্থিত হয় নাই, কিন্তু দ্বাদশ বংসর অতীত হইল ডাক্তর রায় রাজেন্দ্র লাল মিত্র বাহাত্ত্র কতিপ্র প্রমাণ সংগ্রহ করিয়া এক প্রবন্ধ এসিয়াটিক সোমা-ইটির জানেলে মুদ্রিত করেন। তাহাতে বল্লালসেন এবং আদিশূর ক্ষত্রিয় ছিলেন, এই মত প্রচার করিয়াছেন।

এই নূতন মত প্রচারের পর অনেকেই আদিশূর এবং বল্লালের বর্ণ সম্বন্ধে সন্দিহান হইয়াছেন। কেহ কেহ বঙ্গের সেন রাজা-দিগের সম্বন্ধে বংশ পরস্পরাগত যে বিশ্বাস স্থাপিত হইয়াছে তাহা কোন প্রকারেই ভ্রম পূর্ণ হইতে পারে না বোধে এবিষয় আন্দোলন নিপ্রয়োজন বিবেচনা করেন। যাহা হউক, ডাক্তর রাজেন্দ্র বাবুর প্রবন্ধ মুক্তিত হওয়ান পর তাহার মত পরি পোরণার্থ আর কোন বিশেষ নূতন প্রমাণ সহ প্রবন্ধ লেখ। হইয়াছে কি না, জানি না। কিন্তু ভাহার মতের বিরুদ্ধে কেহ কোন প্রবন্ধ মৃদ্রিত করেন নাই।

১২৮৩ সালের বাবাচ মাসের 'বান্ধবে' লেন রাজ। শিলক এক প্রবন্ধ মুদ্রিত হয়, কিন্তু লেখক রাজেন্দ্র বাবুর প্রদর্শিত প্রমাণ াদর্শন ও স্থল বিশেষে তদীয় প্রবন্ধের স্মুবাদ করিয়াছিলেন মাত্র, নিজে কোন কথাই উদ্ভাবন করিতে সমর্থ হন নাই।

রাজেন্দ্রবাবু যে সমুদয় প্রমাণ প্রদর্শন করিয়াছেন, তাহার সারাংশ নিম্নে লিখিত হইল ঃ—

্ম। কুলাচার্য্য ঠাকুরকৃত কুল পঞ্জিকাতে আদিশুর "ক্ষত্রিরবংশহংসঃ" বর্ণিত হইয়াছেন। রাজেন্দ্র বাবুর মার্টি "ক্ষত্রিরবংশহংসঃ" অর্থে (the sun of the kshatriya race) ক্ষত্রিয় জাতির সূর্য্য, অতএব আদিশুর ক্ষত্রিয় জাতি। \*

্রা। রাজসাহীর প্রস্তর ফলকে বীরসেন, সামস্তসেন, ক্রেডসেন প্রস্তৃতি গৌড়ের নরপতিগণ চক্রবংশ সম্বংপন্ন বালয়া বর্ণিত হইয়াছেন। বাখরগঞ্জের অন্তর্গত ৮ কানাই লাল ঠাকুরের জনীদারিতে ভূপুষ্ঠে এক খানি তার শীসন পুত্র আবিষ্কৃত হইয়াছে, ঐ তাত্রশাসনে বল্লালসেন ও

<sup>&</sup>quot;On the sen Rajahs of Bengal" by Rajendra Lala Mitra positished in the journal of the Asiatic Society of Bengal P. 141 No. 3 of 1866.

তৎপুত্র লক্ষণদেন প্রভৃতি সোমবংশে জন্ম গ্রহণ করিয়াটছন এপ্রকার প্রোক খোদিত আছে।

রাজেন বাবুর মতে বীরদেন প্রভৃতি চন্দ্রংশ-সম্ভূত,
অতএব তাহারা অবশ্য ক্ষত্রিয় জাতি, এবং তিনি অমুমান
করেন, বারদেন আদিশুরের নামান্তর মাত্র। বীর ও শূর
উভয়েই একার্থপ্রতিপাদক শব্দ, অতএব বল্লালের পূর্ববপুরুষ
গণ মধ্যে বীরদেন, বংশ প্রবর্তন হেতু আদি শব্দ সংযোগে ও
বীরভানে শ্র পরিবর্তন হইয়া আদিশূর নামে বিখ্যাত হইরাছিলেন। আদিশূর এবং বীরদেন উভয়েই একব্যক্তি, স্বতরাং
রাজসাহির প্রস্তর ফলকান্ধিত এবং বাথরগঞ্জের তামশাদনের
ক্রোকামুদারে আদিশ্রের ক্ষত্রিয়ন্ধ নিরূপণ ইইতেছে।

রাজেন্দ্র বাবু এতত্ত্তয় প্রমাণ বলে আদিশুর প্রভৃতির ক্ষতিয় জাতি নির্দ্ধারণ করতঃ বলিয়াছেন যে, আদিশুর বৈদ্ধান্তি, এই জনপ্রবাদ ও সাধারণ সংস্কারের বিপরীত লিখিত প্রমাণ বিদ্যমান থাকা হেতু, উক্ত প্রবাদ ও সংস্কার সম্পূর্ণ অগ্রাহ্য। তবে এ প্রকার গুরুতর ভ্রম কি প্রকারে উৎপর্ম ইইল ? তিনি বলেন যে 'পুরাকালে উক্তর-পশ্চিমাঞ্চলে অস্কষ্ঠ নামে এক ক্ষত্রিয়বংশ বাস করিত, বিষ্ণু পুরাণে উত্তর-পশ্চিমাঞ্চলীয় ভিন্ন ভিন্ন জাতির উল্লেখ স্থলে এই ক্ষত্রিয়দিগের উল্লেখ আছে 'মদ্রা রামা স্তথাস্বন্ধাঃ পারনিকাদয়ন্তথা।' পাণিনি এক শব্দে—ক্ষত্রিয়জাতি ও তাহাদিগের হাসন্থান—এই স্কৃত্রি প্রকার অর্থায়ক শব্দের উদাহরণ স্থলে অ্রষ্ঠ শব্দের উদাহরণ স্থলে অ্রষ্ঠ শব্দের উল্লেখ করিয়াছেন, (পাণিনি ৪।১।১১৭ সূর্ত্ত্ব)। মহাভারতে ক্রিমাঞ্চন ক্ষত্রিয় জাতি এবং ক্ষত্রিয়রাজার নাম বিশেষে ব্যর্থ

হার আহে, এবং মেনিনি বিশ্বকাশ ও শব্দার্থ রক্লাকরে অবর্চ আর্থে দেশ বিশেষের ফংজা ইলেখুআছে। নেন রাজারা ক্ষতিয়-আজির এই শাখান্তর্গত হলাই সম্ভব,এবং বঙ্গদেশে তৎপরবর্তী সময়ে ব্রাহ্মণ এবং বৈশোৎপদ্ম মন্ত্র অবর্চ জাতি বলিয়া গোল হইয়া তার্মানিগতে বৈদ্য জাতি গণ্য করা হইয়াছে।"

রাজেন্দ্র বার্র এই সকল প্রমাণ কতদ্র প্রবল এবং

যুক্তিসঙ্গত তাহা ক্রমে প্রদর্শিত ইইতেছে। প্রথম প্রমাণে

আদিশুরের বর্ণনায় "ক্রিয়বংশ-হংসং" এই বিশেষণ কুলাচার্যা

ঠাকুর-কৃত কুল পঞ্চিকাতে বিদ্য়মান আছে, উল্লেখ করা হইয়াছে, কিন্তু কুলাচার্যাগণ-কৃত রাদীয়প্রেলণী ও বারেন্দ্রপ্রেণী

আক্রাণদিগের কুলপঞ্জিকা, 'বৈদ্য-কুলপঞ্জিকা, কায়স্থ-কুলদীপিকা, কুলরাম প্রভৃতি বহু কুলজি গ্রন্থ প্রচলিত আছে।

প্রবানন্দ মিলা, দেবীরের, ক্রিকগ্রার প্রভৃতি অনেকেই কুলজি

প্রাদ্ধিরা সমাজে কুলাচার্যা বলিয়া প্রসিদ্ধ হইয়াছেন।

অত্তর্ব কোন্ কুলাচার্যা বলিয়া প্রসিদ্ধ হইয়াছেন।

মিনিট না থাকা হেতু আমরা চারি পাঁচ থানি কুলপঞ্জিকা

সুসন্ধান করিয়া দেখিলাম কিন্তু একথানিতেও "আদিশ্রঃ

প্রিয়রংশহংসঃ" প্রাপ্ত হইলাম না।

হংকা প্রতাবে কোন কুলপঞ্জিকাতে "ক্ষতিয়বংশ হংকা বিদ্যান থাকিলেও আদিশুরের ক্ষতিয়ন্ত কৃত্র প্রতিপাদিত হয়, বলিতে পারিনা। সংক্ষৃত ভাষার প্রকৃতি ক্ষা নামান্য আকারাদির পরিবর্ত্তনে শ্বনার্থের ভাষান্তর ইয়া বায়, শত্তাব সম্পূর্ণ শ্লোকাভাবে শ্লোকের কিয়নংশের বিক্তাপ করা স্কুটন। যাহা হউক, গ্লাজেন্দ্র বাবুর উল্লেখ অনুসারে "ক্ষতিয়নংশহংসঃ" বিশেবদ দারা আদিশুর ক্ষতিয় ছিলেন, এরপ অর্থ করু সাইতে লারে কিন্তু রাক্ষেত্র বারু "ক্ষতিয়নংশহংসঃ" এই বিশেষণ মাত্র তুল্ভিতার হইতে উক্ত করিয়াছেন; প্রতরাণ "আ্রান্ত্র লালে প্রতোধিক বাকোর পূর্বে অথবা সম্প্রাতে কি ভাবে প্রবোধিক বাকোর পূর্বে অথবা সম্প্রাতি হইতে প্রবাধিক বালে কিন্তুরের প্রভাবের কিন্তুরের প্রবাধিক বাকের কিন্তুরের প্রভাবের কিন্তুরের এবং বাকার ক্রিয়ার বিশ্বন ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার বিশ্বন ক্রিয়ার ক্রেয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রেয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রেয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রেয়ার ক্রিয়ার ক্রি

করেন, তংকালে ভারতের কন্য কোন রাজ্যে আরক্ত জাতার করেন, তংকালে ভারতের কন্য কোন রাজ্যে আরক্ত জাতার স্থানিস্থ তেন না তি বিদ্যান তিবেন বা তার্নজন্ত তা বা প্রাক্রান্ত ব্রুলিয়ার বিজেতা আদিশ্রের গুলাহান উন্দেশ করেন ক্রান্ত তা বা প্রাক্রান্ত ব্রুলিয়ার বিজেতা আদিশ্রের গুলাহান করিন ক্রান্ত নামান্ত মাধান প্রাক্রান্ত রাজ্যাদিকের প্রসাদ নার্নান্ত নামান্ত মুল্লির প্রসাদ করিন তালাদিকের লামান্ত মুল্লির প্রবিধান নার্নাপ্রকার অত্যাক্তি করিন। তালাদিকের নামান্ত মুল্লির প্রবিধান নার্নাপ্রকার অত্যাক্তি করিন। তালাদিকের নামান্ত মুল্লির রাজ্যান্ত করিন করেন অসমান্ত জাতি হইলেও চলানীত্রন করেনে ক্রিকের ন্পতিদিনের শ্রেষ্ঠ করিত হইলেও নতেন এবং করেন ন্পতিদিনের শ্রেষ্ঠ করিত হইলেও নতেন এবং করি করি ক্রিকের ন্পতিদিনের শ্রেষ্ঠ করিত হইলেও পারে না। কিন্তু প্রকার অনুমান করা অযোক্তিকও হইতে পারে না। কিন্তু প্রকার অনুমান করা অযোক্তিকও হইতে পারে না। কিন্তু

ইহাতে **ক্লাহা**কে কোন ক্রান্ট করিয় ছিল্ল করা যাইতে পারে না।

ै বঙ্গদেশে যে স্কল কুলজি গ্রন্থ প্রচলিত আছে তাহাতে শাদিশূর ও বল্লাল নিরস্তর অম্বষ্ঠকুলে।২পন উল্লেখ আছে।

বাঢ়ীয় শ্রেণীর প্রাহ্মণ কুলীনদিণের মেলব্যুকারী পশ্ডিতবর দেবীবর ঘটক আদিশুরকে অন্তর্গুলোংপর বলিগাছেন।
পাঠকদিণের দৃটার্থে তৎপ্রণীত কুলজিপ্রস্থ হইতে কবিপর
লোক নিম্নে উদ্ধৃত করা গেল ৯। দেবীবর কুলীন সমাজে
অসামান্য ক্ষমতা লাভ করিয়াছিলেন। ইহার কত মেলবদ্ধের
স্কৃত্যু শুজাল হইতে অদ্যু পর্যান্ত রাঝাণ কুলীনরণ মুক্তি লাভ
করিতে পারেন নাই। তিনি প্রত্যুক্ত কুলীন রাক্ষণের বংশপরিচয় বিশেষ রূপে অবগত হইয়াছিলেন, এবং পঞ্চ প্রাক্ষণের
বঙ্গে আগমন হইতে তাহাদিগের স্বস্তন্ন পুরুষগণের আচার,
বাবহার এবং সম্বন্ধাদি বিশেষরপে অনুসন্ধান করিয়াছিলেন।
অতএব দেবীবর বলালের পরে জন্ম প্রহণ করিলেও পঞ্চ
বাক্ষণের আন্মিতা আদিশুরের কোন্ জাতি, অবশ্যই বিশেষ
ক্রপে অবগত হইয়াছিলেন, এবং তিনি স্পাতীক্ষরে আদিশূরকে অম্বর্গুবংশোদ্ভব বলিয়া গিয়াছেন।

বৈদ্যাদিগের কুলপঞ্জিকাতে আদিশুরের বংশাবলি সবিস্তার লিখিত - আছে, এবং তাহাতে আদিশুর ও বল্লাল সেন

<sup>\*</sup> অষষ্ঠকুলস্মৃত আদিশ্রে ন্পেখর:। রাচ্গৌড়র শ্রাশ্চ বঙ্গদেশন্ত থৈ-বচ। এতেখাং শ্বুপতি শৈচব পর্যভূমীশ্বরোষদা আনাইত্যবাদ্ধবৈশ্চিন মন্ত্রিভিন্নিত্ব ক্রেইক:। শ্রুতেঃ সহু মহীপাল একদা স নিজালয়ে। উপবিষ্টোছিলান্ প্রেইং ধর্মশাল্পেরায়শ:। ইত্যাদি দেবীবন্ন ঘটক কারিকা। ২০০ কিন্তু বিষ্ঠান সংক্রেশ শ্রুক্ত ক্রেই শ্রেম ৭১২ পূর্চা দেখুন।

উভয়েই বৈদ্যকুলসভূত উল্লিখিত ইইয়াছেন #। কায়ত্ব জাতির.
কুলপঞ্জিকাতে আদিশূর ও বল্লালকে অস্বষ্ঠক্লোৎপন্ন বলা
ইইয়াছে †। বারেজে শূেণীর কুলপঞ্জিকত ঘটককারিকায়
পদ্ম ব্রাক্ষণ কাণ্যকুল্ল ইইতে কি নিমিত্ত গোড়নেশে আগমন

\* শ্রীম লাজানিশ্রঃ ভবদবনিপতিন্ত এনকাদিনেশে,
সংল্লাকঃ সদিচাবৈরনিতিন্ত্রপতিঃ স্বর্গাধানীং লেগানীং ।
প্রাতাপোদিত্যতপ্রথিলতি মিরমিপুতর্বের। মহাঝা,
প্রিলা পুদাংশ্যক্রেস্থানি মুপতির্গৌড্রাজানিবস্তান্।
অন্ধ্রানাং কুলেহনো প্রথমনবপতি বীর্গানীগ্রাদিশকভাষান্মানিশ্বো বিমন্সতিরিতিব্যাতিমূলে। ভূষ । ইত্যাদি
অন্ধ্রি স্থানিকোকৃত প্রাচীন বৈদ্যুক্সগঞ্জিকার বচন।

ত্তি ক্ষেক্টী শোক শক্ষরজনে কাষ্ট্ শক্তে পঞ্জাক্ত আমন্ত্র স্থাপ্তেও বিখিত চইগ্রেছ চন্দ্র

পূল বৈদ্যকুলোছ চংব্ৰালেন স্থীভূজা।
বাবস্থাপিচ ফৌলীনাং ছ্ৰিদেনাধিবংশজে।
পৌক হৈৱনতিক্ৰম্য সাধানোবাদিদ্যিত হৈ।
আচার বিনয়াদ্যেও গুলে বিএহিচেপিচ।
ক্লীনশলং কঢ়ায়ামিতি স্ক্ৰেগ খাং সতঃ।
কবি কণ্ঠহার প্রাণিত বৈদ্যেশ শহিন।

† সথ বলালকৃত শ্রেণীবিভাগ।

শক্কমজনোদ্ত ক্ষিত্ত শক্ষে বৃদ্ধ বৃদ্ধ বৃদ্ধ বামানক শক্ষাকৃত কুল্টীপিকা ৮

করিয়া, তংকর্ত্ব পঞ্চব্রাক্ষণ আনমন ঘটিত রক্তান্ত লিখিত আছে । তংপরে কৌলীন্য মর্য্যাদার প্রবর্তন্তিতা বলালকে আদিশ্রের দৌহিত্রবংশোপন নির্দেশিত আছে. । রাটীয় শ্রেণীর কুলপঞ্জিকা মিশ্রী গ্রন্থের মতেও ইাদিশ্র ও বলান অম্বর্তন্ত্রাংপন, কদাচ ক্ষত্রিয় বনিয়া উরেখ নাই। এতদিন্ন অন্যান্য কতিপয় কুলপঞ্জিকায় আদিশ্র এবং বলানদেন বৈদ্য বনিয়া উরেখ আছে।

বছদেশে যে সকল কুলজিগ্রন্থ প্রচলিত আছে, তন্মধো কোন পুস্তকেই আদিশুর ও বল্লাল সহলে দৈধমত নাই। সকল পুস্তকেই উভয়কে অবর্ছ নির্দেশ করা হইগাছে। অত-এব শ্রীষ্ট্রুল রাজেন্দ্র বাবু যে কুলজি গ্রন্থের উরোধ করিয়া-ছেন, তাহাতে আদিশূরসম্বন্ধে "ক্তিয় বংশহংসঃ " বিশোল্প

শ অথ গৌড়দেশে কেন প্রকারেণ রাজ্যপ্যাগ্যন তংশুণু, অথ সব লু দিপ্দেশীয়রাজন্মে কলিযুগবেতার ইব নিথিল্যস্থালয়ঃ উল্লন্ডী আদিশ্রোন্যম রাজা সম্বেদ্যকুলোদ্রর প্রমধ্মিক্তিঃ আমীৎ ইত্যাদি।

दारताल वंडेक कातिका।

<sup>্</sup>তাদিশ্বসান্পতেঃ কন্যাকুলসমূদ্ধঃ । বল্লালসেনে। নুপতিবভাষত ভাগা এমঃ॥ বাঢ়ারাং গৌড্বাবেজনকলৌতে পিবসকে। অধিকারে;ভবেতসা বলবীর্গিভাবতঃ ।

<sup>-</sup> বারেন্দ্র কুলজি গ্রন্থ।

উপক্ষেত্ত শোকষণ যে পুস্তক হইতে এইণ করা হইগ্নছে।
পুস্তক অতিশন্ধ প্রাচীন এবং প্রানাগ্য। এই গুড়ক পুক্ষপক্ষপরাগত কুল্
গ্রেছবাবসাধী এক ্রাটক ব্রাহ্মণের নিকট আহে। পূর্ববঙ্গের পণ্ডি
প্রধান জীবৃক্ত রামধন্ত র্কপঞ্চানন মহাশন্ধ ঐ প্রক হইতে স্বন্ধ উক্ত প্রোদ্ধি উক্ত ক্রিয়া প্রস্তাব্যবস্থাকককে প্রেরণ করিয়াছিলেন।

লিখিত থাকিলেও সামরা আদিশ্রের ক্ষতিয়ন্ত স্বীকার করিতে পারি না। যেতের পূর্বেলিলিখিত প্রামাণা এবং প্রচলিত ক্লজি গ্রন্থ সমূহের মত্রিক্লাকে এবং বংশপরম্পরাগত কিফান্তির বিরুদ্ধে, এক আনশ্চিত এবং অপ্রচলিত পুস্তক প্রমাণ স্বরূপ গ্রাহ্য হইতে পারে না।

ভাষরা যে কএকথানি কলজি প্রন্থের উল্লেপ কলিনান, তথালো প্রতি প্রভাকেই প্রাথমে আদিশ্রের বর্ণনা তথপরে বলাল সফলে কতিপয় শ্রেক লেগা আছে। কুলপঞ্জিকার এই প্রচলিত রাত্রন্তমারে, রাজেন্দ্র বাবুর উল্লিখিত কুলপঞ্জিকারে বর্গনা ইন্তা বর্গলোর বর্গনা ঘটিত কতিপয় শোক থাকা সম্ভব। কিন্তু তিনি উল্ল ক্লপণ্ডিক। ইইতে আদিশূরসম্পন্ধে একমাত্র প্রেন নাই। কাহা ইউক আদিশূরের ক্ষত্রিয়ন্ন প্রতিপাদক রাজেন্দ্র বাবুর দশিত প্রশান প্রমাণের বিরুদ্ধে কুলজিতান্ত ইইতে যে সকল প্রমাণ প্রাপ্ত ইয়াছি তৎসমুদ্য উল্লেখ করাগেল। পাটকবর্গ রাজেন্দ্র বাবুর প্রদর্শিত প্রমাণ কতদ্র ভারটা এবং সঙ্গত বিবেচনা করিবের। \*

শ রাজেন্দ্র বাধ্র উল্লিখিত, মুলালাইটিটের কত কুলজিগ্রন্থে অপদিশ্রের ক্লেগ্রিয় জাতি নির্দ্ধেশ আছে, কিছু-মনান্যি কুলজিগ্রন্থে, আদিশ্র বৈদালতি, স্পষ্টাক্লরে উল্লেখ প্রাপ্ত হন্তরা বার। এবধিধ মততেদের কারণ আমরা অনুমান দ্বারা মতদ্ব স্থির করিতে পারিয়াছি, ভাহাতে বোধ হয় যে, লিপিকারকের ভ্রম বশক্তা রাজেন্দ্রবাধুর কবিত কুলপঞ্জিকাতে, পাঠেন কোন প্রকার পরিবর্তন হইয়া থাকিবে। ক্লিকার

<sup>়</sup> এতদেশে মুদ্রান্ত প্রচলিত হওয়ার পুর্ণে সকলকেই গুল্ডকানি প্রহন্তে লিখিয়া লইতে হইত। যাহারা বিষয়ে এবং ভাষাজ্ঞ তাঁহারাই গুলাদির অবিকল, এবং ব্যান্থ প্রতিলিপি ক্রিকেশারিকেন। কিন্তু মাহারা তাইষতে

রাজেক বাঁবুর প্রদর্শিত আদিশূর এবং বল্লালের বিতীয় প্রমাণ, কেশবদেন প্রদত্ত তাঁত্র শাসন পত্তে সেনবংশীয় ভূপালদিণের সোমবংশোদ্ভর উল্লেখ, ও রাজসাহীর প্রস্তরান্ধিত প্রোকে বিজয়দেন প্রভৃত্তির চন্দ্রবংশোংপন্ন নির্দেশ।

উপরোক্ত দিতীয় প্রমাণের স্থালোচনার অত্যে, তাত্র-শাসনপত্র ও প্রস্তরফলক-বর্ণিত বিষ্ঠাের সংফ্রেপে উল্লেখ

ন্যন, ওঁহোদিগের বিখিত পুসকের অধিকংশ হলে, সপ পুসকের পাঠ পরিবর্ত্তন এবং ভাবান্তং হইল ষাইত। বিশেষতং কুলজিগ্রান্তের আলোচনা, এবং প্রয়োজন একমাত্র ঘটকসম্প্রদাধের হতে নাস্ত ছিল। ব্যবসায় চালালৈ ইবার অনুরোধে, অনেকেই ব্যাকরণ ও সাহিত্য শিক্ষার অবসর প্রাপ্ত হইতেন লা; এবং অন্ত কিঞ্জিং শিক্ষা করিয়া ব্যবসায় আরম্ভ কবিতেন, ও কুলজি ছইতে কতিপয় খোক কন্ত করিয়া, জনস্মাক্ষে ঘটকচ্ডামনি বলিয়া প্রসিদ্ধ হইতেন। এই সকল ঘটকচ্ডামনিরাই কুলজিগ্রান্তের পাঠ পরিবর্ত্তন করিয়া নাল প্রকার গণ্ডগোল করিয়াড়েন।

হাহা হউক উপরোক্ত ভাপনায় নির্ভর করিয়া, উপলব্ধি হয় যে, বাজেক্ত বাব্র কুলজিগ্রাহ "ক্ষনিয়বংশহংসং" পাঠ পরিবর্ত্তে যদি 'ক্ষেত্রিরবংশহংসং" পাঠ কবা যায়, তবে এই কুলজিগ্রাছ অন্যান্য কুলজিগ্রাছের সহিত এবং দেশীয় কিংদান্তিব সহিত একতা অবশ্বস্থান করে।

নেদিনী অভিদানে '' কেতির'' শক্ পর্যায়ে '' কেতিরং কেত্রজ্বে পরনেক্টি কিংসবোঃ'' লিখিত আছে। এবং ''হংস'' শক্ পর্যায়ে 'হংসঃ সাম্মানসৌকসি, নির্মোভনুপৰিক কে পরমায়্মিমংসবে, যোগীজেদে মহুভেদে শরীরমকদক্তরেকুরসম প্রভেদেশি"—লিখিত আছে। অভএব '' কেতির '' শক্ষ অর্থে, চিকিৎসা; তৎপর লক্ষণা করিয়া চিকিৎসক ব্র্যায়। এবং 'হংস '' কর্মে নৃপতি। অভএব 'ক্টেমেরংশৃহংসঃ'' অর্থ চিকিৎসক বংশীয় নৃপতি। আভএব 'ক্টেমেরংশৃহংসঃ' অর্থ চিকিৎসক বংশীয় নৃপতি। আলিশ্রকে চিকিৎসক বংশীয়, অর্থাৎ ইয়য়ৢরংশীয় নৃপতি উল্লেখ্য করিলে, এই গ্রেছুর সন্থিত অন্যান্য কুলজিগ্রন্থের অভিন্ন ভাব রক্ষিত হয়। এ জন্য ''ক্টেম্বর বংশহংসঃ' পাঠ আনাবের নিকট যুক্তিসম্বত বোধ হয়।

করা যহিতেছে । কেশবদেন প্রনত তামশাদনপত্র কানাইলাল চাকুরের ইনীলপুর পরগণায় ভুপুন্ঠ হইতে উক্ত ইহাছিল। ইহাতে লিখিত আছে বিজয়দেনের পুত্র বন্ধালদেন, তৎপুত্র লক্ষাণদেন, তৎপুত্র কেশবদেন বাৎদা গোত্রসভূত ঈথব দেবশর্মাকে তিনখানি প্রাম প্রদান করেন। উক্ত প্রামত্রয় বিজেমপুরাত্ততি ছিল। এই দানপত্রের সময়েব নির্ণয় নাই, অথবা দন তার্গিখ যে স্থানে লেখা ছিল, সেই স্থান বিনন্ট হইয়া গিয়াছে। দানপত্রে কেশবদেন প্রভতির জাতির উল্লেখ নাই। কিন্তু ইহারা দোমনংশোৎপন্ন, নেখা আছে। লোব গুলির এক স্থানে কেশবদেন আপনাকে

বংশে সামন্ত্র প্রস্তরান্ধিত শ্লোকে, চন্দ্রবংশোৎপদ বীরসেন বংশে সামন্ত্রেন তংপুত্র হেমন্তদেন তৎপুত্র বিজয়দেন, এই চারিজন নৃপতিত নামোরেণ আছে। তিন্ত তাঁহাল। কোন্ জাতি, এবং কোন সময়ে প্রান্তভূতি হইল জলেন, এবং কোন্ জোন্ দেশ শাসন করিতেন, ইত্যাদি ঐতিহাসিক কোন ঘটনারই উল্লেখ নাই। উমাপতিধর এই শ্লোকগুলির রচ্ছিতা; তিনি অতিশয় অত্যুক্তি প্রিয় এবং বহুভাগী ছিলেন,

<sup>\*</sup> তাম শাসন এবং প্রত্যক্ষণকের বিশেষ বিবরণ ও প্রতিনিপি পরিশিষ্টে দৃষ্টবা।

<sup>া</sup> কেশবদেন প্রদত্ত তাম ভিন্ন অপর একথানি তামনি বাথবদ্ধে পাওয়া গিয়াছে। ইহাতে সেনবংশীৰ কএক নুপতির নামোরেশ আছে, বলাবের পূর্ত্ত লক্ষ্মণদেনের সময়ে এই তামশাসন খোদিত হয়, এবং ইহাতে সেনবংশীরেরা বৈদ্যভাতি ক্ষম্ভ উল্লেখ আছে। পরিশিটে এই তামশাসন প্রের বিশেষ বিবরণ লিপিবছ করা গেল।

"গীতগোবিন্দ" রচয়িতা জয়দেব স্পাফীভিধানে তাঁহার উপ বোক্ত দৌষ নির্দেশ করিয়া গিয়াছেন #। ভতএব উমাপতিধর বৰ্ণিত অত্যক্তিপূৰ্ণ ঘটনাবলী হইতে সত্য ভাগ অতি সাবধানতা মহকারে গ্রহণ করা করিবা। রাজেন্দ্র বাবু তাঁহার সরচিত প্রবন্ধে প্রস্তুরান্ধিত প্লোল সমূহের মতুরো লিখিয়াছেন, '' প্রস্তর থোদিত শ্লোকের ভাষা বিশুদ্ধ সংস্কৃত, কিন্তু রচনা মাতিশয় অত্যক্তি পূর্ণ। শ্লোকের রচয়িতা নামান্য তুলনায় সন্তুঞ্জ নহেন, তাঁহার কোন মন্দির বর্ণনার আবশ্যক হইলে তিনি ভাহার বর্ণিত মন্দির-চূড়া দূর্বেনে গতি-বোধক না-ক্রিয়া থাকিতে পারেন না। তাঁহার বণিত নুপতিগণ রামায় ও গহাভারতের নায়কগণকে রুথাভিমানী এবং হঠাৎ অবজার বলিয়া তিরস্কৃত করে, এবং তাহার যুদ্ধ তরনী**গুলি** গঙ্গ সৈকতে 😘 দশায় পাতিত হইয়াও চক্ৰকে তিরক্কত ফরে"। 🕆 রাজেন্দ্র বাবর এই বর্ণনার ঐতিহাসিকমূল। সম্বন্ধে লিখিয়াছেন—"এই সকল শ্লোকে তাঁহার (বিজন্মদেনের) যশোবর্ণনে, সত্য ঘটনারূপে গ্রহণ করা যাইতে পারে, এরূপ অন্নই আছে। তাঁহার রাজহকালের অন্দ লেখা নাই, তাহার জাতির নাম উল্লেখ নাই, এবং মন্দির যে স্থানে নির্দ্মিত হইয়া ছিল ঐ স্থানের নাম নির্দ্দিষ্ট করিয়া দেওরা হয় নাই। তিনি

<sup>\*</sup> বাচঃ পল্লবয়ত্যুমাপতিধরঃ সন্দুর্ভ ভিন্নিং গিরাং ৷

मानीटक अधरम्ब এव नेत्रपः स्ता। इक्र कृटक ।

नृष्टादश्चत मर्थारमयवहरेनत्राहाशादर्शन ।

শ্বাকোহপি.নবিশ্রতঃ শ্রুতিমরোধোয়ী কবিল্লাপতিঃ।।

<sup>4 &</sup>quot;On the Sena Rajas of Bengal" journal of the Asiatic Society

, গাসাম দেশ, এবং চিল্কা ব্রদ ও নাজাজের মধ্যবর্তী করমওল উপকূল আক্রমণ করিয়াছিলেন, এবং গঙ্গা-পথে পাশ্চাত্র রাজাদিগকে পরাজয় মানদে রণতরি-রন্দ প্রেরণ করিয়াছিলেন, এ প্রকার লেখা হইয়াছে। কিন্তু ঐ সকল যুক্ষযাত্রায় কি ফল লাভ হইল করিময়ে বাঙ্নিপত্তি করেন নাই। শেষোলিখিক যুক্ষযাত্রার যে কেনেরপ ফল লাভ হয় নাই, এক প্রকার বাকার করাই হইলাছে। যেহেড় যুদ্ধাত্রার ঘটনা মধ্যে, গঙ্গা সৈকদে রণতরি ভগ্ন হইয়াছিল এই এক মাত্র বিষয় উল্লেখ করা হইয়াছে'।

রাজেন্দ্র বাব্ নিজেই স্থাকার করিয়াছেন রাজসাহীর প্রস্তর ফলকের ইতিহাস-মূল্য কিছুই নাই, এবং বীরসেন প্রভৃতি কোন্ জাতি স্পান্টাভিধানে তাহারও কোন উল্লেখ নাই। তিনি কোন চন্দ্রবংশাংপদ বলিয়া সেনবংশীয় নৃপতিদিগের ফাত্রিয় সংস্থানে প্রযাস পাইয়াছেন। ও সম্বন্ধে রাজেন্দ্র বাবু যে শিক্তান্ত কার্যাছেন তাহ। নিজ্লিখিত তিন ভাগে বিভক্ত করা যাইতে পাবে।

১ম। বারসেন, সামন্তদেন, বিজয়সেন, এবং বল্লাল ও লক্ষণসেন ও কেশবসেন প্রভৃতি সেনবংশীয় নূপতিগণ চন্দ্র বংশোৎপন্ন, স্থতরাং ক্ষত্রিয় জাতি।

২য়। তাত্রশাসন-পত্তের উ**ল্লিখিত** বিজয়সেন এবং প্রস্তরাঞ্চিত শ্লোকে বর্ণিত বি**জয়সেন** এক ব্যক্তির স্কৃতরাং

<sup>\*</sup> Vide journal of the Asiatic Society of Bengal No. III. 1865 Page 130.

ক্ষিশাসন ও প্রস্তাহ্বিত শ্লোকগুলি এক বংশকেই নির্দেশ। ক্ষিতেহে।

্ ভারা বীরসেন সাদিশ্রের নামান্তর মাত্র, বারসেন বল্ল। লের পূর্ব্বপুরুষ এবং বংশপ্রবর্ত্তক।

প্রথম স্থাপনায় রাজেন্দ্রবার্থ মতে চন্দ্রবংশীয় মাত্রেই
ক্ষত্রিয়া। কিন্তু এতিছিক্তকে যে সমস্ত প্রমাণ প্রাপ্ত হইয়াছি,
ভাহাতে চন্দ্রবংশীয় ছইলেই যে ক্ষত্রিয় হইবে, এরূপ সিদ্ধান্ত
হইতে পারে না। চন্দ্র ও সূর্যাব শে, ত্রাক্ষণ ক্ষত্রিয় বৈশ্য ও
শৃদ্র, স্থারি বর্ণেরই উৎপত্তি প্রগণাদিতে বর্ণিত আছে।
এক ব্যক্তির প্রগণ মধ্যে কেই ত্রাক্ষণ, কেই ক্ষত্রিয়, কেই
বৈশ্য, কেইবা শৃদ্র ইইয়াছিলেন। কোন ক্ষত্রিয় যোগবলে
ত্রাক্ষণত্ব প্রাপ্ত ইইয়াছিলেন। অন্তএব চন্দ্রবংশীয় অথবা
সূর্যাবংশীয় মাত্র নির্দেশ করিলে, জ্বাতির নির্দেশ ইইতে
পারে না।

বিষ্ণুপ্রাণে চক্তবংশীয় গৃৎসমদের বংশে চতুবণ জাতির উৎপত্তির উল্লেখ আছে: । বায়ুপুরাণে নিশ্চিত আছে বেণু-হোত্র এবং বৎস্য উভয়েই ক্ষত্রিয় জাতি, কিন্তু ইহাদিগের হংশে অনেক ত্রাহ্মণ ও ক্ষত্রিয় জন্ম গ্রহণ করিয়াছি-

> পুত্রোগ্রৎসমদসাদীৎ শুনকো দসা দৌনকা:। গ্রাহ্মণা: ক্ষত্রিয়াদৈব বৈশ্যা: শ্রাস্তবৈধন। এজুসা বংশে স্মৃতা বিচিত্রৈ:কর্মডিম্ফি:।

লেন # । যথাতি চক্রবংশে জন্মপ্রহণ করিয়াছিলেন । যথাতির পুত্র অঙ্গের বংশে অধিরথের জন্ম, স্মধিরথের পুত্রেরা চক্রবংশে উৎপন্ন হইয়াও সূত্র্জাতি বলিয়া প্রসিদ্ধ; এবং এই বংশে মহাবীর কর্ণ প্রতিপালিত হইয়াছিলেন । প

চন্দ্রবংশে গর্গ ইইতে লিনি জন্ম গ্রন্থণ করেন, তৎপ্ত্র গার্গ ক্ষত্রির ইইগাও ব্রাক্ষণ ইইয়াডিলেন গ্র্না নাভাগোদিটের প্রেরা বৈশ্য ইইয়াছিলেন, কিন্তু নাভাগোদিউ সমুগ্রন বংশীয় ক্ষত্রির। শ্র

ভরদ্বাজের পূত্র বিত্য বিভাগের পাঁচ পূত্র জ্লোত্র, জ্লোতার, গন্ন, গর্গ, এবং কপিল! কাশীক এবং সৃৎসমৎ

> িবেণ্ডতে এড়াতশাপি প্রগোচননাম বিজ্ঞত । গার্গসং গ্রন্থিকিয় বিংফ্য শ্রন্থিক্য ধীমতঃ । সংক্ষণত ক্তিয়াকৈও তয়েও প্রতঃ স্থান্মিক। ।

> > ৰাগ্ৰহাৰ ৷

পূর্ব্বোক্ত প্রমাণসর ত্রীবৃক্ত বাব পামলাল মুক্তি প্রথীত শ ভাতিতক্ত বিবেন শ পুত্তক স্টানে প্রপ্রবেশেক কর্তৃক সক্তত্ত চিক্তে গৃহীত ধইল। প্রাাধিতক বিবেকপ্রথা ভাবত্ববী ভিন্ন ভাকি দিশেন উৎপত্তিব বিবরণ এবং উদ্ধান সমূহের ভিন্ন ভারবায় স্কেক্তির া বিধিত শক্ষে।

া মহাভারতে কর্বের বিবরণে দুইবা।

ু গর্গাছিনিস্তং হাগার্গঃ ক্ষরোহু স্কুষ্পত্ত ।

ভাগরত ১৯১৮

শ নাভাগোদিইপ্রেন্য কর্মণ বৈশাতাংগত।
ভিলনন স্তত্ত্বা বংশাগ্রীতির্ভালনাং।
বংসাপ্রীতেঃ স্তঃ প্রাণ্ডন্তংস্তং প্রমিতিং বিছঃ।
থনিবং প্রমতেক্সাচাক্ষেহথ বিবিংশতিঃ।
বিবিংশতেঃ স্তেন্তি ধনীনেজোহসা বার্মিতঃ।
কবন্ধনো ফরারাজস্ত্যাদীদান্তেল। নুপঃ।
ভ্যাবিকিং স্ক্তো্যস্য মক্তক্ষ এতব্ত্তাভং।

্নাশে হং হোজারের ছুই প্রা জ্বা এই ক করের। গৃহসমৎ হইতে আনাণ, কতিয় এইং বৈশাগণ জবা এহণ কসিয়া-ছিলেন। শ

হরিবংশ এবং ভাশবভাদি পুরাশের ও এই সকল শ্লোক দারা প্রাই উপল্বিশ্বর যে, পুরাকালে এক ব্যক্তি হইতে ভিন্ন ভিন্ন ভাতির উৎপত্তি হইরাছে, এবং স্থা ও চল্লবংশে অনেক ব্রাক্সণ, ক্ষত্রিয় ও বৈশ্যগণ জন্ম গ্রহণ করিয়াছিলেন, তাহাদিগের সন্ততিগণ তংপরকালে ভিন্ন ভিন্ন ভাতি ইইয়াও, চল্ল এবং সূর্য্যবংশোৎপন্ন বর্ণিত ইইয়াওন চল্ল এবং সূর্য্যবংশোৎপন্ন বর্ণিত ইইয়াওন কবল ইহাই উল্লেখ থাকিলে তাহারা যে ক্ষত্রিয় জাতি, ইহা কোন রূপে নির্দারণ করিতে পারা শায় না। অত্যাব বাজেন্দ্র বাবুর শ্রাপনা ভ্রম পূর্ণ বলিষা বোধ ইইতেছে।

' রাজসাহীর প্রস্তরফলকান্ধিত শ্লোক সমূহের কোনটাতেই,
শোষ্টাভিখানে বারসেনবংশীয় নূপতিদিগের জাতিব উল্লেখ
মাই। পদম শোকে "সজ্জাক্তিয়ানামজনিকলশিরদাম
সামস্তদেনঃ "\* এই চরপেও সামস্তদেনের ক্ষতিয়েই স্পান্টাভি

<sup>া</sup> তথে। ধবিতথোনান ভরন্না স্নস্ত তোহতবং।
ততোধবিত বেজাতে ভবতগু দিবংববৌ ।।
দচাপিবিতথা প্রান্ জননামানপকবৈ।
কালিক হংহাতার গ্রেছিনা ক্ষিতিবর ।।
কালিক মহান্ত বিশ্ববিশ্ব ।
তথাগুংসমতে: প্রা: বেছিনা ক্ষিতাবিদ্ধা।
তথাগুংসমতে: প্রা: বেছিনা ক্ষিতাবিদ্ধা।
থিকিবংর, ক্ষিত্রবিদ্ধা।
বাল্যানীর প্রেরাহিত শ্লোকের বন লোক দেবুন।

ধানে উল্লেখ নাই। প্রীযুক্ত রাজেন্দ্র বাবু বীরসেনবংশীয়দিগের ক্ষত্রিয়হ প্রতিপাদনের পাহায়্যার্থে এই চরনের যে
অনুবাদ করিয়ার্ছেন, প্র অনুবাদ আমরা বিশুদ্ধ বলিয়া স্বীকার
করিতে পারি না। তাঁহার অনুবাদানুসারে " সামস্তদেন
অত্যুদ্ধ ক্ষত্রিবংশের মন্তক্মালা।" স্কতরাং " ব্রদাক্তিয়"
এক উচ্চ ( অথবা মহৎ ) ক্ষত্রিয় জাতি।

আমরা যতদূর অনুসন্ধান করিতে পারিয়াছি, তাহাতে. মম্বাদিপ্রণীত শাস্ত্রে '' ব্রহ্মফাত্রিয় '' নামে কোন জাতি, অথবা ক্ষত্রিয় জাতির কোন শ্রেণীবিশেষের উল্লেখ প্রাপ্ত হইলাম না। জাতিমান। গ্রন্থে ভারতবর্ষস্থ সমুদয় জাতির নাম উল্লেখ আছে কিন্তু "ব্ৰহ্ম ক্ষতিয়ে" জাতির উল্লেখ নাই। আমরা সার্ রাজা রাধাক্তি দেব বাহাতুর প্রণীত শব্দকরুক্রম, অমর-কোষ, গোল্ড্ট্ৰকর প্রণীত সংস্কৃত অভিধান এবং অন্যান্য কতিপয় অভিধান অনুসন্ধান করিয়া দেখিলাম কোণাও " ত্রহ্ম ক্ষতিয় "শব্দ প্রাপ্ত হইলাম না; কিন্তু ক্ষত্রিয়, অম্বর্চ প্রভৃতি সকল জাতিবাচক শব্দই লিখিত আছে। "ব্ৰহ্ম ক্ষত্ৰিয়" নানে কোন জাতি থাকিছে, "ত্ৰহ্ম ক্ষতিয়" শব্দ অবশ্যই অভিধান সমূহে সন্নিবেশিত হইত । ক্ষত্ৰিয়েরা স্বীয় পূর্বব পুরুষ্দিগের মধ্যাদাত্মসারে খ্যাতি লাভ করিয়া থাকেন, যথা সূর্য্যবংশীয়, চন্দ্রবংশীয়, রাঠোরবংশায়, অগ্নিকুলবংশীয় ক্ষতিয়ের। সমধিক প্রদিদ্ধ । ইহাঁদিগের বিতীয় প্রকার শ্রেণী-বিভাগ দাদশ দেশে বাসহেতু নিৰ্ণীত হইয়াছে, যথা—গোড়, শকদেনা, এবান্ত ইত্যাদি। এই শ্রেণী-বিভাগের মধ্যেও " ব্ৰহ্ম ক্ষত্ৰিয় " জাতি অথবা তদন্তৰ্গত কোন শাখা দৃষ্টি-

গোচর হর না) অভএব "ব্রহ্ম " অথবা "ব্রহার্ন শব্দ "কবিয়"শবেদর সাহিত সংযোজিত করিয়া, "ব্রহা কবিয় " শব্দ নিজান করত, অব করিতে ছুইবে।

শংক্ত অভিধান অনুসারে নীবলিঙ্গবাচক "ত্রন্ধ" শব্দের অর্থ বেল, তত্ত্ব, তশা, সহার ইত্যাদি। পুংলিঙ্গবাচক "ত্রান্ধ" শব্দের অর্থ—ত্রন্ধা, প্রতিষ্ঠা, ত্রান্ধান ইত্যাদি ও। কোন অভিধানেই "ত্রন্ধা" পর্যা "ত্রন্ধান্ধ" শব্দের অর্থ প্রেষ্ঠ অথবা শহুৎ প্রাপ্ত হইলাম না। অতথ্যব রাজেন্দ্র বারু "ত্রন্ধন্ধত্রিয়" শব্দের অর্থ "প্রধান (অথবা প্রেষ্ঠ) ক্ষত্রিয়" যে লিথিয়াছেন, তাহা যুখোচিত বোধ হইতেছে না। "ত্রন্ধা" অথবা "ত্রন্ধন্ধ্য শব্দের নানাপ্রকার অর্থ করা যাইতে পারে, তন্মধ্যে ঘাটি আরাদিনের নিকট লক্ষত বোধ হইল তাহা লেখা যাইতেছে।

করুকেনে " ব্রহাকরিং " শক্তের উল্লেখ আছে। টীকা-কার ইহার অর্থ " ব্রহাজানং ক্ষত্রবীগ্যঞ্জ" কিথিয়াছেন গং।

<sup>ূ</sup>ৰ্ব জন্তাৰং ব্ৰদ্ধ শক্ষিতীয় সংস্কল শক্ষকজ্ম অভিধানে ২৯২১ প্, অবং ২৯০২ প্, দ্ৰষ্টবা।

ণ প্রত্যা ভূতবানগিল্কর্জ: সন্ইবংব্রক্ষকরং পাতৃ তথ্য সাহাবাট্।
প্রকাতিক্তদশকর্দ্ধীপিকারাং বিবাহপ্রকরণে বজুর্কেলোক্ত হোনস্করং।
কর্ম বিভিন্ন বোহয়িঃ প্রক্রিকাপ: তলিন্ অধ্যার স্থাগবাট্ যৎ স্বাহাক্তর
ভূত প্রত্তাহাপশ্রে ব্রেক্রিন্ কিছুত এতাগাট্ সন্থ্যকৃতঃ পুন: কিছ্তঃ
ক্রিক্রেক্রেক্ড গ্রাহাক্তর বিভ্রাহ বিত

ঘজুর্বেনোক্ত অর্থ গ্রহণ করিলে। ব্রথকর শ্লোকের \* অন্যান্ত চরণের ভাবেরও কোন পরিবর্তন হয় না। যথা—

"ব্রহ্মক্ষত্রং" ব্রহ্মজ্ঞানং ক্তরীর্যাঞ্চ (ব্রহ্মজ্ঞান এবং করে বীর্যা) ব্রহ্মক্ষত্রায় সাধু, ইত্যর্থে ইয়, "ব্রহ্মক্ষত্রিয়ঃ" (ব্রহ্মক্তিন এবং ক্ষত্রিয়তেজ সম্পন্ন ব্যক্তি) তেগায় "ব্রহ্মক্তির য়াণাম্ কুলশিরোদামঃ" অর্থাৎ ব্রহ্মজ্ঞান এবং ক্ষত্রিয় তেজ সম্পন্ন ব্যক্তিদিগের কুলের শিরোভূষণ, অর্থ গ্রহণ করা ঘাইতে পারে।

নামন্ত্রেন্দর পরিবেচ্য " দ ভক্ষক ত্রিয় নামক্রমি কুলণিরোদাম সামন্ত্রেন্দর " এই চরণে হেমন্তর্দেনের জাতিনির্দেশ হইতে পারে কি কা ৪০ শাস্ত্রাকুদারে ভিজাতি মাত্রেরই বেদ এবং সংস্কৃত দাহিত্য অধ্যয়নে অধিকার আছে। প্রাচীনকালে ভ্রাক্ষণ ভিম হিজাতিদিবার মধ্যে অনেকে বিদ্যাবলে ভ্রাক্ষণ ক্রমতা লাভ করিয়া ছিলেন; এবং দ্রোণাচার্য্য প্রভৃতি ভ্রক্ষকুলে জন্ম গ্রহণ করিয়াও ক্রত্রিয় বার্য্য-দম্পন ছিলেন। অতএব ভারতবর্ষের ভূপতিদিগের মধ্যে কেহ কেহ ক্র্ত্রিয় না হইলেও, তাহাদিগের ভ্রক্ষতেজ এবং ক্রত্রিয়া বিশিক্ত হওমা অসম্ভব হইতে পারে না। স্থতরাঞ্চ বিজয়দেনকে ভ্রক্ষতেজ এবং ক্রত্রিয়া বিশিক্ত হওমা করাতে তাহার জাতির কোন উল্লেখ হইতেছে না। বোধ হয় কির গামন্ত্রদেনকৈ পরাক্রমশালী নৃপতিদিগের অগ্রহণ মাত্র বলিলে, তদীর আধ্যাজিক ভ্রক্ষাকুরাণ উল্লেখ করা হইল

<sup>্ 📍</sup> প্রিশিত্তে রাজদাহীর প্রতরান্ধিত্ব লোকের পঞ্চম শোক দেখুন।

প্রাধি প্রক্রিয়ানাং কুলশিরোদামঃ" বিশেষণ প্রয়োগ ক্রিয়াছেন। এই লোকের পূর্ব চরণে, সামস্তদেন ব্লেরাদী ছিলেন, প্রতি ক্রা ইইয়ছে। \* নবম প্রোকে সামস্তদেন যে কর্ডাত বেদাসুরাগী, এবং স্বধর্মনিরত ছিলের, কবি রিশেষ ক্রিপ তাহার উল্লেখ করিয়াছেন গ। যাহা হটক " ব্রক্তার্মানাং কুলশিরোদামঃ" বিশেষণদার। সেনবংশীয়দিগ্রের ক্রিয়াম নির্বিরোধে প্রতিপদ্দ হইতেছে না।

রাজেন্দ্র বিতীয় স্থাপনা এই—প্রস্তরকলকথোদিত লোকে যে বিজয়দেনের বর্ণনা আছে, উক্ত বিজয়দেন, এবং কেশবরেন প্রদক্ত তাম্রশাসন-পত্রে কেশবদেনের প্রপিতামহ বিজয়দেন এক ব্যক্তি, স্থতরাং বদ্ধাল বীরদেনের বংশধর। এই স্থাপনা সম্বন্ধে আমাদের বিশেষ বক্তব্য নাই। বল্লালের বীরদেন, অথবা বীরদেন নামান্তরে বিজয়দেন ভিন্ন, তাহার পিতামহ, প্রপিতামহাদির নাম আমরা আর কোন স্থলে প্রাপ্ত হই নাই। আমাদিগের দৃষ্ট কুলজি গ্রন্থ ভিন্ন স্থন্য কোন কুলজি পুস্তকে আছে কি না বলিতে পারি না।

তাঅশাসনে বিজয়সেন, বলালসেন, লক্ষাণসেন ও কেশব্দু সেন, এবং প্রস্তরফলকে বীরসেন বংশীয় হেমন্তসেন, সামন্ত সেন এবং বিজয়সেন মামের উল্লেখ আছে। উভয় কলকেই ক্রিয়সেনের নামোলেব ধাকাতে ইহারা সকলেই এক বংশীয়,

<sup>্</sup>ঠ তিশ্বিদ্দেশ্যবাহে প্রতিপ্রভটশতে ধন্য দেশ ব্যক্ষ বাদী।
স্তাহ্ম বিশ্বাসনাম জনি কুলশিরোদাম সামন্ত সেনঃ॥

৫ ন লোক

<sup>्</sup>र शिविनिरहे: अक्षेत्राविक स्वादिक व नवम स्वाद राज्य ।

আপাততঃ অন্তঃকরণে এবিধ প্রতীতির উদয় হয় রটে, কিন্তু উভয় ফলুকের সোঁকে বীরসেন প্রভৃতি, এবং বলাল প্রভৃতি কোন সময় জীবিত ছিলেন, লেখা নাই। এজন্য উপরোক্ত ভাপনা নিঃসংশয় রূপে স্বীকার করা যাইতে পারে না। এক সময়ে ভিল স্থানে এক নামে ছই নুপ্রতির স্বতন্ত অতন্ত বংশে বিদ্যমান থাকা, অথবা একদেশে স্বতন্ত্র সময়ে এক নামে ভিল ভিল বংশায় নৃপতির বিদ্যমান থাকা অসভ্র ইইতে পারে না। যালও বীরসেন এবং বল্লালসেন একবংশীয় স্বীকার করা যায়, তাহা ইইলেও 'চেন্দ্রবংশোৎপ্রন' নাত্র লেখা থাকাতে সোনবংশীয়দিগের কোন প্রকার জার্কির নির্দেশ ইইতে পারে না

রাজসাহীর ঐতিষ্ঠারকলক এবং বাখরগঞ্জের তামুশাসনের কোন প্লোকেই আদিশুরের নামোল্লেখ অথবা কোন প্রকার প্রদাস নাই। অত এব আদিশূর-সম্বন্ধে এতছভয় ফলকান্ধিত প্লোক সাক্ষাৎসম্বন্ধে প্রমাণ বলিয়া গণ্য হইতে পারে না

রাজেন্দ্র বাবু অনুষান করেন,বীরদেন আদিশূরের নামান্তর
নাত্র, আদিশূরই বল্লালের পূর্ববপুরুষ। বীরদেন চন্দ্রবংশীয়
ক্ষত্রির, বল্লাল এই বীরদেনের অধন্তন পুরুষ, এবং চন্দ্রবংশোৎপল হেছু ক্ষত্রিয় জাতি। একণে বীরদেনকে আদিশূরে বিলয়। নির্দ্ধারিত করিতে পারিলে, আদিশূরের ক্ষত্রিয়ন্থ
সহজেই প্রতিপাদিত হইতে পারে। এতলিবন্ধন বোধ হয়
রাজেন্দ্র বাবু উক্ত প্রকার অনুমান করিয়াছেন। কিন্তু তাঁহার
এই অনুমান সম্পূর্ণ অযোজিক; এবং তিনি ক্রেনা এক মহৎক্রেন্তে পতিত হইয়াছেন। বল্লাল আদিশুরের নিক্র্নেল ক্রমা

গ্রহণ করেন নাই, জাহার ক্যাক্লে জন্ম এই করিয়াছিলেন; কুলজিগ্রথাবলিন্তে এই বিষয় স্পান্তাভিধানে লিখিত
আছি । রাজসাহীর প্রস্তরান্ধিত শ্লোকে, অথবা অন্য
কোথাও আদিশুর ও বলাল এক বংশোৎপন্ন লেখা নাই।
অতএব কুলজিগ্রন্থের বিরুদ্ধে কোন প্রমাণ বিদ্যান না থাকার
কুলজি গ্রন্থের বিরুদ্ধে কোন প্রমাণ বিদ্যান না থাকার
কুলজি গ্রন্থের নতই হথার্থ বলিয়া স্থাকার করিতে হইবে।
অনুমান দারা পুত্তকের লিখিত গ্রমাণ অপ্রামাণ্য হইতে
পারেন।

প্রথমতঃ যদি বীরসেন, আদিশুরের নানান্তরমাত্র থীকার করা যাত্র; তাহা হইলে গামন্তদেন, হেমন্তপেন এবং বিজয় সেন আদিশুরের বংশোংগয় ফিনিক্ত হলেন। সত্রব কুলজিগ্রাহের লিখিত আদিশুর ও বল্লালের কন্যাকুলগত লপ্পর্ক কুলজিগ্রাহের লিখিত আদিশুর ও বল্লালের কন্যাকুলগত লপ্পর্ক কুলজি গ্রহের লিখিত আদিশুর ও বল্লালের কন্যাকুলগত লপ্পর্ক কুলজি গ্রহের লিখিত আদিশুর ও বল্লালের করে আদি পুরুষ হইতে কিলক, বর্ণিত বিজয়দেন এবং তামুফলকবর্ণিত বিজয়দেন এক ব্যক্তি অনুমান করা যাইতে পারে না। বিতীয়তঃ বীর্দ্ধন বল্লালের পূর্বেপ্রশে স্বীকার করিলে, পূর্ণোত কারণে আদিশুর এবং বীরসেন এক ব্যক্তি হইতে পারে না।

वीदहन्त्रकृत्रभक्षिका

<sup>\*</sup> আদিশ্বদা মৃপতেঃ কন্যাকুলসমুদ্ধবঃ।
\*ক্ষালদেনো নূপতিরজারত গুণোতমঃ দি
রাদারাং গৌৰবাবেল বঙ্গগোগু প্রকৃতি ।
অধিকারোডবেত্ত্স্য বলবীব্যপ্রভাবতঃ।।

বৈদ্যক্লপভিক্তিতেও আদিশ্রের কন্যাক্লে বর্ত্তী ক্ল্যাপ্রহণ করিয়াছেন,
বিশিত আছে।

বাহা হউক, রাজেন্দ্র বাবু বীরদেনকেই আদিব্র এতিপন করিতে যত্ন করিয়াছেন। তাঁহার মতে "বীর "ও "শুর " শব্দ উভয়েই একার্থপ্রতিপাদক, "বীর" স্থানে প্রথমে "শূর " শব্দ পরিবর্তন হইয়া, বীরদেন স্থানে শূরদেন হইয়াছে। তৎপরে বংশ প্রবর্তন হেছু "আদি " শব্দবোগে "বীরদেন" স্থানে "আদিশুর" নাম সংঘটিত হইয়া জনসমাজে ব্যাতি হইয়াছে।

"বীরন্ধেন্ন " পরিবর্ত্তে একবারে আদিশুর হওয়া নিতান্ত অসম্ভব এবং অযৌক্তিক। কোন নাম এক ভাষা হইতে বিজাতীয় ভাষাতে লিখিত হইলে রূপান্তরিত হইতে পারে বটে, কিন্তু একু ভাষাতে " আদিশূর" স্থানে " বীরদেন" হইতে পারে না। নানা পুস্তকে আদিশ্রের নাম উল্লেখ षार्छ, व्यक्तिगृत तक्ररमर्ग त्वमविष् अक लाक्यन मःश्रामन করিয়া অন্ত বাঁঠি রাথিয়া গিয়াছেন। রাঘ্যাহীর প্রস্তর ফলক বিজয়দেনেৰ রাজাহকালে খোদিত হইয়াছিল, এবং তশ্বধা যে সকল প্রোক অঙ্কিত আছৈ তৎসমুদর বিজয়-সেনের অভিপ্রায়ানুসারেই রচিত হইয়াছিল। এই সরুল শোকে আদিশুরের নামোলেথ নাই, অথচ বীরদেনের সবিস্তার वर्गगृ আছে। जानिभृत এবং বীরসেন এক ব্যক্তির নামান্তর হইলে, ঝুসুসাহীর প্রস্তারান্ধিত শ্লোকে বিজয়সেন স্বীয় বংশ-পরিচয়ে আদিশুরের নানোলেখ করিতেন, এবং আপনাকে वीवरमन वर्रमास्त्र ना विलयां आहिम्द्रवर्रमादश्रव वर्गना कता শাঘ্যতর বিবেচনা করিতেন। অধ্যাত নামে পিতৃপুরুষদিগের পরিচয় ক্রেছই প্রদান করে খা েও প্রকার পরিচয় প্রদান

করাও সামাজিক **ইতিরিক্তর** এবং মানব প্রবৃত্তির সম্পূর্ণ বিপরীক্ত

